



ভর্তি বিজ্ঞপ্তি



কাচালং সরকারি মডেল উচ্চ বিদ্যালয়

বাঘাইছড়ি, রাজশাহী পাবনা জেলা।

ভর্তি চলছে!

ভর্তি চলছে!

ভর্তি চলছে!

২০২৫ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষা মন্ত্রণালয়ের ঘোষিত বিজ্ঞপ্তি মোতাবেক অনলাইনে (<https://gsa.teletalk.com.bd>) ওয়েবসাইটের মাধ্যমে ভর্তি ফরম পূরণের কার্যক্রম নিম্নবর্ণিত সূচী মোতাবেক শুরু হবে।

আবেদন ফরম পূরণঃ

ভর্তিছু শিক্ষার্থীদের (<https://gsa.teletalk.com.bd>) ওয়েবসাইটের মাধ্যমে আবেদন ফরম পূরণ ও Teletalk Pre-paid Mobile নম্বর হতে এসএমএস এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা এবং ২টি এসএমএস চার্জসহ প্রদান করে ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

আসন সংখ্যাঃ

ক্রমিক	শ্রেণি	আসন সংখ্যা
১	ষষ্ঠ	৫৫ জন

অনলাইনে ভর্তির আবেদন ফরম দাখিলের সময়সীমাঃ

- ❖ অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শুরুর তারিখ- ১২/১১/২০২৪ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা।
- ❖ অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ- ৩০/১১/২০২৩ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকা।

বিশেষ নির্দেশাবলীঃ

- ২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করার জন্য নির্দিষ্ট সময়ের মধ্যেই ভর্তি ফরম দাখিল প্রক্রিয়া শেষে করতে হবে।
- যেহেতু অনলাইন ব্যতিত ভর্তি হওয়ার সুযোগ নাই সেহেতু সময়ের বাধ্যবাধকতা অবশ্যই গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নীতিমালা (যা ওয়েবসাইটে ইতিমধ্যে প্রকাশিত হয়েছে) অনুসরণ ব্যতিত অর্থাৎ অনলাইনে ভর্তির আবেদিত শিক্ষার্থী ছাড়া কাউকে পরবর্তীতে ভর্তি জন্য সুযোগ দেয়া হবেনা বিধায় সংশ্লিষ্ট সকল অভিভাবকদের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য অনুরোধ জ্ঞাপন করা হলো।

সম্মানিত অভিভাবক ও ভর্তিছু শিক্ষার্থীদের জ্ঞাতার্থে

হেল্প ডেস্ক এর সহায়তা নিন

শিক্ষার্থী ও অভিভাবকদের বিভিন্নমুখী হয়রানি রোধকল্পে ২০২৫ শিক্ষাবর্ষের ভর্তির ফরম পূরণ সংক্রান্ত বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য বিদ্যালয়ের পক্ষ থেকে অফিস চলাকালীন সময়ে চলমান ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত বিদ্যালয়ে হেল্প ডেস্ক চালু থাকবে। ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে হেল্প ডেস্ক থেকে সহযোগিতা নিতে পারবেন। যোগাযোগঃ নূর মোহাম্মদ, অফিস সহকারী, ০১৮২৮৮৪৮৬৬৬।

অনলাইনে ভর্তির ফরম পূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ (যা অবশ্যই আনতে হবে)

- ১। শিক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি।
- ২। শিক্ষার্থীর অনলাইন ডিজিটাল জন্মনিবন্ধন সনদের কপি।
- ৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের কপি।
- ৪। সচল মোবাইল নম্বর।
- ৫। সরকারি কর্তৃক আদান ফি (২টি এসএমএস চার্জ সহ)

মোঃ জামাল উদ্দীন

প্রধান শিক্ষক

কাচালং সরকারি মডেল উচ্চ বিদ্যালয়

বাঘাইছড়ি, রাজশাহী পাবনা জেলা।